দুরাভাষ ঃ ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স ঃ ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা
মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
কোলকাতা ঃ ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং - তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৭৫ সময়ঃ বেলা ৩.০০ টা
তাং - ০৫।০৩।২০২৬ স্থানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৭৩নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।
(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৫) নামজারিকরনের অনুমোদন।
(৬) বিবিধ।

**উপস্থিতিঃ**

- পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
- উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

- মহঃ নজরুল ইসলাম
- মাসতুরা সাহানি
- শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
- শ্রীমতী মমতা রায় সেন
- শ্রী গোপাল চন্দ্র ঘোষ
- শ্রীমতী কনিকা দেবনাথ
- শ্রী পঙ্কজ কান্তি চন্দ
- শ্রী সুভাষ ব্যানার্জী
- শ্রীমতী অনিতা মুখার্জী
- শ্রী সুকুমার মন্ডল
- শ্রীমতী অন্তরা মজুমদার
- শ্রী সুশান্ত রায়
- শ্রী কিশোর কুমার রায়
- শ্রীমতী রাধারানী দত্ত
- শ্রীমতী পিঙ্কি ঘোষ
- শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
- শ্রী অলোক সাহা
- শ্রীমতী বৈশালী ব্যানার্জী
- শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- শ্রী সঞ্জয় মন্ডল
- শ্রী অরুপ কুমার ঘোষ
- শ্রীমতী সুতপা ব্যানার্জী

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪পরগনা মধ্যমগ্রাম

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাতা - নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন গতকাল স্টেশন সংলগ্ন এলাকায় যে ভয়াবহ আগুন লেগেছিল সেই ব্যাপারে কতগুলি কথা বলবো। যতটা জানতে পেরেছি Gas Cylinder হতে প্রাথমিকভাবে আগুন লেগেছে। যদিও Forensic পরীক্ষা হলে বিশদে জানা যাবে। মধ্যমগ্রামে প্রচুর খাবারের দোকান। যত্রতত্র Gas Cylinder নিয়ে বসে আছে। এ ব্যাপারে একটা সুনির্দিষ্ট নির্দেশিকা তৈরী করে পুলিশ প্রশাসনের সহযেগিতায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া উচিত। আজও একটা ওয়ার্ডে বহুতলে আগুন লেগেছে। বিষয়টিকে গুরুত্ব সহকারে ভাবতে অনুরোধ করছি আর যে মানুষটি গতকালের ভয়াবহ আগুনে ঝলসে মারা গেছেন তার পরিবারের স্বার্থে পৌরসভার কিছু ভাবনা চিন্তা করা উচিত। ঐ এলাকায় ব্যাপক যানজট হয় তার প্রতিকারের জন্যও বহুবার বলেছি। আবার বলছি। প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন আগুন কিভাবে লাগলো তা Fire Brigade ও পুলিশ তদন্ত করে বলবে। Forensic পরীক্ষা হলে আগুনের উৎস জানা যাবে। পৌরসভা হতে যারা Trade License নিয়ে ব্যবসা করছে সেই দোকানগুলো ক্ষতিগ্রস্হ হয়েছে। আগুন লাগার খবর শুনবার পর Fire Brigade দ্রুততার সাথে ব্যবস্থা নিয়েছে। আমি নিজে গিয়েছিলাম। মাননীয় সাংসদ শ্রীমতী কাকলী ঘোষ দস্তিদার মহাশয়া ও মাননীয় মন্ত্রী শ্রী রথীন ঘোষ মহাশয়ও উপস্হিত ছিলেন। বেশ কয়েকজন কাউন্সিলর এবং পৌরসভার যানবাহন দপ্তরের ও অন্যান্য দপ্তরের কর্মীরা আগুন নেভানোর জন্য পরিশ্রম করেছে। SDO Office এর একজন Magistrate মহাশয়ের কাছে ক্ষতিগ্রস্হ দোকানের তালিকা প্রদান করা হয়েছে। রেলের জায়গায় প্রচুর দোকান আছে। একজন মারা গেছেন। বসিরহাটে বাড়ী। বাড়ীর লোকেরা এসেছিলেন। প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করে প্রশাসনের কাছে দিয়েছি। ক্ষতিপূরণ বাবদ তার পরিবার যাতে আর্থিক সাহায্য পায় তার জন্য বলেছি। পৌরসভা, পুলিশ প্রশাসন ও Fire Brigade সকলে যৌথ সভা করে ফুটপাথে Gas Cylinder ব্যবহার করে যারা দোকান চালাচ্ছে তা বন্ধ করার জন্য Miking এর মাধ্যমে প্রচার করা হবে। আগামীদিনে সোদপুর রোড ও বাদু রোডে বেআইনীভাবে রাস্তা ব্যবহার করে যারা ব্যবসা করছে তাদেরকে পথচারীদের সুবিধার্থে সরে যাওয়ার জন্য আহ্বান করা হবে ।

মাননীয় উপপৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় বলেন অলোক বাবুর প্রস্তাব মানবিক। ইতিমধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে বলে মাননীয় পৌরপ্রধান জানিয়েছেন। রেলের জমিতে অনেক দোকান আছে। আপনি রেলদপ্তরে যোগাযোগ করুন। Metro Flyover দিয়ে আসার কথা ছিল। বস্তিতে Toilet করার কথা ছিল। আমরা Survey করিয়েছিলাম। আপনারা বিরোধিতা করেছিলেন। ব্রীজের তলায় দোকান বিক্রী হয়েছে। ফলে ওখানে যানজট তৈরী হওয়ার জন্য আপনাদের অপরিকল্পিত সিদ্ধান্ত দায়ী।

শ্রী অলোক সাহা বলেন আপনার তথ্যে অনেক গরমিল আছে।আপনি মনগড়া কথা বলছেন।

শ্রী অরুপ কুমার ঘোষ মহাশয় বলেন বৈদ্যুতিন মাধ্যমে বিরোধী দলনেতা পৌরসভাকে দায়ী করে কিছু কথা বলেছেন। দায়িত্ব বিরোধী দলনেতারও আছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন রেলের জায়গায় কে বসছে কে বিক্রি করছে তা আমরা জানবো কি করে। অলোকবাবুকে বলেন আপনি প্রশ্ন করেছেন আমি উত্তর দিয়েছি।

শ্রী অলোক সাহা বলেন আমি আপনার উত্তরের পর কিছু বলিনি।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন Rangit বিল্ডিং এ অবৈধ Gas Bank আছে। এটা দেখা দরকার। আবাসিকরা অভিযোগ করছে।

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন Royal Chef এর Gas Cylinder রাখার জায়গায় ২-৩ টি থাকে। আমি দেখেছি।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Royal Chef এর মালিক কে চিঠি করা হবে।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন গতকালের ঘটনায় আমি মর্মাহত। কবিগুরু স্কুলের কাছে বিরিয়ানীর দোকান। অনেকগুলি Gas Cylinder নিয়ে কাজ করে। এটাও দেখা দরকার।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন চিঠি করে তালিকা পাঠাবেন। আমরা প্রথমে Miking করে সচেতন করবো। সর্বোপরি যে সকল কাউন্সিলর , পৌরকর্মী, ফায়ার ব্রিগেড কর্মী, পুলিশ কর্মী অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

জিরো আওয়ারে শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৭৩ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনো প্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৭৩নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২)  PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌর পারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন গত সভার আলোচনার ভিত্তিতে প্রত্যেক কাউন্সিলরকে তাদের নিজ নিজ ওয়ার্ডের APAS এর কাজের Work Order এর Copy দেওয়া হল। APAS এর কাজের টাকা release করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে পৌরবোর্ডের পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে চিঠি করা উচিত বলে প্রস্তাব দেন। HCM এর কাজের Work Order শীঘ্রই দেওয়া হবে বলে জানান। আগামী ৭ - ১০ দিনের মধ্যে ADP 26 - 27 এর কাজের Tender আহ্বান করা হবে। APAS এর কাজের সাথে ADP - র কাজ যাতে মিশে না যায় তার জন্য সকল কাউন্সিলরকে লক্ষ্য রাখতে বলেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে পৌরবোর্ডের পক্ষ থেকে চিঠি করা হবে। পথশ্রীর কাজ অনেক ওয়ার্ডে শুরু হয়েছে বলে জানান। Contractor দের সাথে যোগাযোগ করে কাজ দ্রুত শুরু করার জন্য অনুরোধ করেন।

মাননীয় পৌর পারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন পথশ্রীর কাজে ১০ ও ১৯ নং ওয়ার্ডের কাজের Tender এ কেউ অংশগ্রহন করেনি। মধ্যমগ্রামের Contractor রা Tender এ অংশগ্রহন করেছেন বলে শুনেছি। পথশ্রীর কাজের Schedule ও গুনগত মান অনেক ভালো। কাজ ভালো হচ্ছে বলে জেনেছি। আপনারা Contractor দের সহযোগিতা করবেন  দ্রুত কাজ শেষ করার জন্য।

শ্রী অরুপ কুমার ঘোষ পাঁচটি Toilet তৈরীর Tender আহ্বান করা হয়েছে কিনা জানতে চান।

মাননীয় পৌর পারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন AE কে বলেছি Tender আহ্বান করার জন্য।

(৩)  পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় APAS এর দুটি এবং পানীয় জলের ৭টি tender অনুমোদন করার প্রস্তাব দেন।

পৌর পারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন ইলেকট্রিকের দ্রব্যাদি সঠিক সময়ে পাওয়া যায় না। পাওয়া গেলেও তার গুনগত মান ঠিক নয়। এটা আগেও অনেকে অভিযোগ করেছেন। এটা গুরুত্ব দিয়ে দেখা দরকার।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) APAS এর কাজের নিম্নলিখিত tender দুটি অনুমোদিত হলঃ-

(i) WBMAD/MM/EL/NIT - 5e/2025-26, Sl. No. 1,2
Amount : Rs. 173710.00, Fund: APAS

(ii) WBMAD/MM/EL/NIT - 6e/2025-26, Sl. No. 1,2
Amount : Rs. 217798.00, Fund: APAS

(২) জল দপ্তরের কাজের নিম্নলিখিত ৭ টি tender অনুমোদিত হলঃ-

(i) WBMAD/MM/WS/NIT-25e/2025-26, dt. 19.02.2026

(ii) WBMAD/MM/WS/NIT-26e/2025-26, dt. 19.02.2026

(iii) WBMAD/MM/WS/NIT-27e/2025-26, dt. 19.02.2026

(iv) WBMAD/MM/WS/NIT-28e/2025-26, dt. 19.02.2026

(v) WBMAD/MM/WS/NIT-29e/2025-26, dt. 19.02.2026

(vi) WBMAD/MM/WS/NIT-30e/2025-26, dt. 19.02.2026

(vii) WBMAD/MM/WS/NIT-31e/2025-26, dt. 19.02.2026

(৩) মাননীয়া সাংসদ ডাঃ কাকলী ঘোষ দস্তিদার মহাশয়ার সাংসদ তহবিলের ২২১০৭২৮.০০ টাকা অর্থানাকুল্যে মধ্যমগ্রাম পৌরসভার ২৭নং ওয়ার্ডে IAS ও IPS Training Institute এ Electrification এর জন্যে e-Tender No. WBMAD/MM/EL/NIT_62e/2025-26 অনুমোদিত হল।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন সুডার নির্দেশানুযায়ী পৌরসভায় কর্মরত সকল স্তরের সাফাই কার্য্যের সাথে যুক্ত কর্মীদের প্রতি তিনমাস অন্তর স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। আমরা আমাদের ৪টি UPHC মাধ্যমে শিবির অনুষ্ঠিত করবো। বাড়ী বাড়ী হতে বর্জ্য সংগ্রহের কাজ Geo tagging এর মাধ্যমে করার জন্য প্রতিটি বাড়ীর নাম, হোল্ডিং স্ট্যাটাস ও ফোন নং সংগ্রহের কাজ নির্মল সাথীরা করছে। একাজে সকল কাউন্সিলরকে সহযোগিতা করতে বলেন। ৪০০০ লিটার মাপের একটি Truck Mounted suction cum Jetting Machine এবং ১০টি 4 Wheeler Garbage Tipper ক্রয় করার প্রস্তাব দেন। প্রয়োজনীয় ব্যয় 15th FC Tied তহবিল হতে ব্যয় করা হবে বলে জানান। আগামী ১৮ই মার্চ হতে ৯ই মে পর্যন্ত intensive cleaning এর কাজ হবে। SUDA নির্দেশিত Survey অনুযায়ী যে ড্রেন , জলাশয় ও জঞ্জালপূর্ন জায়গা চিহ্নিত রয়েছে সেখানেই কাজ হবে। সকল

ওয়ার্ডের সুপারভাইজার ও Ward Coordinator দের কাছে কাজের তালিকা দিয়ে দেওয়া হবে বলে জানান। ডেঙ্গুর কাজের সাথে যুক্ত Spray কর্মীরা ও মার্চ, এপ্রিল ও মে মাসে স্প্রে করার কাজ করবে। স্বাস্থ্য কর্মী কল্যানী দত্ত শারীরীক অসুস্থতার জন্য কাজ থেকে অব্যাহতি চেয়েছেন। UPHC - 4 এর FTMO ডাঃ জ্যোতি বিশ্বাস আগামী ১৭.০৩.২০২৬ এরপর আর কাজ করবেন না বলে চিঠি করেছেন। তিনিও অব্যাহতি চেয়েছেন। সুডার নির্দেশ অনুযায়ী দুই জন PTMO Selection Committee র সুপারিশ অনুযায়ী নিয়োগ করার প্রস্তাব দেন। তাঁরা হলেন Dr. Akash Dutta ও Dr. Md. Ikbal Siddik।

শ্রী অরুপ কুমার ঘোষ মহাশয় বলেন Holding নং , ফোন নং নেওয়া হচ্ছিল। এটা কেন ?

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন এটা বন্ধ করা যাবে না। বর্জ্য সংগ্রহের কাজ Geo Tagging করে আগামীদিনে করা হবে। সে জন্য তথ্যগুলো লাগবে।

শ্রী সুশান্ত রায় বলেন নির্মলসাথীরা ছুটির পারিশ্রমিক যাতে পায় তার জন্য বলছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন এটা সুডা ঠিক করে তারা কোনদিন কাজ করবে।

শ্রী অরূপ কুমার ঘোষ মহাশয় বলেন Womens for free র কাজের টাকা কর্মীরা কবে পাবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Bill Ready হয়েছে। শীঘ্রই পাবে।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গুলি গৃহীত হলঃ

(১) পৌরসভার স্বাস্থ্যদপ্তরের কর্মরত HHW কর্মী কল্যানী দত্ত ০৯.০২.২০২৬ তারিখে শারিরীক অসুস্থতার জন্য তাঁর কাজ হতে অব্যাহতি চেয়ে যে লিখিত আবেদন করেছেন তা অনুমোদিত হল। উক্ত সিদ্ধান্ত অনুমোদন ও তাঁর স্থলে নিয়োগের জন্য Director SUDA কে চিঠি করে জানানো হবে।

(২) পৌরসভার UPHC 4 এর FTMO Dr. Jyoti Biswas গত ১৮.০২.২০২৬ তারিখে আগামী ১৭.০৩.২০২৬ এর পর তাঁর কাজ হতে অব্যাহতি চেয়ে যে লিখিত আবেদন করেছেন তা অনুমোদিত হল। উক্ত সিদ্ধান্ত অনুমোদন ও তাঁর স্থলে FTMO নিয়োগের অনুমতির জন্য Director SUDA কে চিঠি করে জানানো হবে।

(৩) SUDA র নির্দেশনামা SUDA - 12017(99)/22/2024/4789, dated 25.06.2024 অনুযায়ী Selection Committee সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত দুইজন PTMO নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল। উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য Director SUDA কে চিঠি করে আবেদন করা হবে। যে দুইজন PTMO নিয়োগ করা হবে তারা হলেন -

(1) Dr. Akash Dutta, S/O Milan Dutta

(2) Dr. Md. Ikbal Siddik, S/O Md. Mahafugar Rahaman

(৪) পৌরএলাকার Covered High Drain গুলির Sludge নিষ্কাশনের কাজ দ্রুত গতিতে করার লক্ষে একটি ৪০০০ লিটার মাপের truck mounted suction cum jetting machine এবং কঠিন বর্জ্য অপসারনের কাজ আরো দ্রুততার লক্ষে ১০টি 4 Wheeler Garbage Tipper ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হল। সমস্ত ব্য 15th F.C. Tied তহবিল হতে ব্যয় করা হবে।

(৫) আগামী ১৮ই মার্চ হতে ৯ই মে '২৬ এর মধ্যে SUDA নির্দেশিত intensive cleaning এর কাজ করা হবে। এছাড়াও ডেঙ্গুর কাজে যুক্ত spray কর্মীরা আগামী মার্চ, এপ্রিল ও মে মাসে spray করার কাজ করবে।

(৬) কঠিন বর্জ্য ব্যবস্থাপনার কাজ Geo Tagging এর মাধ্যমে করার জন্য বাড়ির মালিক / ভাড়াটিয়ার নাম ফোনং ও হোল্ডিং নং সংগ্রহের কাজ নির্মলসাথীরা করবেন।

(৫) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত ৫৫২ টি নামজারিকরনের আবেদনপত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) BPL পরিবারভুক্ত মৃত ব্যক্তির পরিবারের পক্ষ থেকে National Family Benefit Scheme (NFBS) প্রকল্পে এককালীন অনুদানের জন্য যে দুইটি আবেদনপত্র (আবেদনকারী জাহানারা বেগম ও শিল্পা রায়) জমা হয়েছে তা অনুমোদিত হল এবং উক্ত আবেদনপত্র দুইটি মাননীয় জেলাশাসক উত্তর ২৪ পরগনা এবং SUDA র Director এর কাছে প্রয়োজনীয় ব্যবস্হা নেওয়ার জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) নিম্নলিখিত Work Order গুলি অনুমোদিত হলঃ-

(1) MM/Chair/EL/Supply.ORD/4157/2025-26, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.370000.00

(2) MM/Chair/EL/Supply.ORD/4165/2025-2026, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.286000.00

(3) MM/Chair/EL/Suppy./4176/2025/2026., Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.2145000.00

(4) MM/Chair/EL/Supply.ORD/4223/2025-26, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.354000.00

(5) MM/Chair/EL/Sup.ORD/4175/2025.26, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.191000.00

(6) MM/Chair/EL/Sup.ORD/4167/2025-2026, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.234400.00

(7) MM/Chair/EL/Supply.ORD/4166/2025-26, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs112975.00

(8) MM/Chair/EL/Supply.ORD/4317/2025-2026, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.259398.00

(9) MM/Chair/EL/Supply.ORD/4158/2025-2026, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.629000.00

(10) MM/Electric/25/2025/2026, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.143000.00

(11) MM/Electric/26/2025-2026, Dt. 05.03.2026,
Fund : ADP(2025-2026), Amount : Rs.190000.00

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas